

সুনান ইবনু মাজাহ

পরিচ্ছেদঃ ৩১/১৭ লজ্জাশীলতা

হাদিস নাম্বারঃ ৪১৮১

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد)

بَابِ الْحَيَاءِ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ اللَّهِ الرَّقِيُّ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنْ مُعَاوِيَةَ بْنِ يَحْيَى، عَنِ النُّهْرِيِّ، عَنْ أُنَسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " إِنَّ لِكُلِّ دِينٍ خُلُقًا وَخُلُقُ الإِسْلاَمِ الْحَيَاءُ ".

বাংলা

২/৪১৮১। আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ প্রতিটি ধর্মেরই একটা স্বতন্ত্র বৈশিষ্ট্য আছে। আর ইসলামের স্বতন্ত্র বৈশিষ্ট্য হলো 'লজ্জাশীলতা'।

English

It was narrated from Anas that the Messenger of Allah (ﷺ) said: "Every religion has its distinct characteristic, and the distinct characteristic of Islam is modesty."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহাহ ৯৪০, রাওদুন নাদীর ৪১। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী মুআবিয়াহ বিন ইয়াহইয়া সম্পর্কে আবু আহমাদ বিন আদী বলেন, আমভাবে তার হাদিসের ব্যাপারে সমালোচনা করা হয়েছে। আবু বাকর আল-বাযযার বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি নির্ভরযোগ্য নন, তিনি দুর্বল ও তার হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য নয়। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। আহমাদ বিন হাম্বল বলেন, আমরা তাকে বর্জন করেছি। আহমাদ বিন শু'আয়ব বলেন, তিনি দুর্বল। ইবরাহীম বিন ইয়াকুব আল-জাওযুজানী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি হাদিস বর্ণনায় খুবই দুর্বল। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি হাদিস বর্ণনায়



দুর্বল। মুসা বিন সালামাহ তাকে বর্জন করেছেন ও তার থেকে কোন হাদিস গ্রহন করেননি। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬০৬৮, ২৮/২২১ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন